**ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ**
**বানিজ্যিক ব্যবস্থাপকের কার্যালয়**
ঢাকা ওয়াসা
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা- ১২১৫।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ঃ- ৪৬.১১৩.৩০২.৬২.০০.০০.২০২০.৬৪৪ /সিএম, তারিখঃ- ১৬ /০৩/২০২১ ইং

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্য-বিবরণী।

স্থান ঃ বানিজ্যিক ব্যবস্থাপকের এর মিটিং রুম।
তারিখ ঃ ০৪/০৩/২০২১ ইং।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিতি ঃ-
১। প্রকৌশলী উত্তম কুমার রায়, এফসিএমএ, বানিজ্যিক ব্যবস্থাপক, আহ্বায়ক NIS, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।
২। প্রকৌশলী এস.এম. মোস্তাফা কামাল মজুমদার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও উপ-প্রকল্প পরিচালক এবং প্রধান রাজস্ব কর্মকর্তা, সদস্য NIS, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।
৩। জনাব জোয়াহের আলী সিদ্দিকী, প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা ও সদস্য NIS, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।
৪। প্রকৌশলী শারমিন হক আমীর, সচিব ও সদস্য NIS, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।
৫। প্রকৌশলী জেনি চাকমা, নির্বাহী প্রকৌশলী, ডিডব্লিউএসএনআইপি ও ফোকাল পয়েন্ট NIS, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।
৬। প্রকৌশলী তাসনিমা নাঈম, নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃ শোধনাগার প্রকল্প ও বিকল্প ফোকাল পয়েন্ট NIS, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।

সভাপতির মিটিং রুম এ গত ০৪ মার্চ, ২০২১ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির চলতি বছরের ৩য় নির্বাহী সভা অনুষ্ঠিত হয়। প্রকৌশলী উত্তম কুমার রায়, এফসিএমএ, বানিজ্যিক ব্যবস্থাপক, আহ্বায়ক জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, সভায় সভাপতিত্ব করেন। আহ্বায়ক, কমিটিতে নতুন অন্তর্ভুক্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রকৌশলী তাসনিমা নাঈম ও কমিটির অন্যান্য সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে ২০২০-২১ বৎসরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও অনুষ্ঠিতব্য "অংশীজনের অংশগ্রহণ" শীর্ষক কর্মশালার প্রস্তুতি বিষয়ে আলোচনা শুরু করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচী অনুযায়ী প্রণীত কর্ম-পরিকল্পনা অনুসারে করনীয় বিষয়ে বিস্তারিত বর্ণনা প্রদান করেন। বর্ণনানুযায়ী উপস্থিত সকলের বিশদ আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **আলোচনা ১ ঃ**<br>ফোকাল পয়েন্ট আগামী ১৪/০৩/২০২১ ইং তারিখে অংশীজনের অংশগ্রহণ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হবে বলে উল্লেখ করেন এবং অংশীজনের অংশগ্রহণ শীর্ষক কর্মশালায় ঢাকা ওয়াসা এর স্টেকহোল্ডারদের মধ্যে কে কে উপস্থিত থাকবেন তা উপস্থাপন করেন। | নির্ধারিত তারিখে কর্মশালার কার্যক্রম সম্পন্ন করা এবং কর্মশালায় পূর্বের মতো অভ্যন্তরীন স্টেকহোল্ডার ছাড়াও সেবাগ্রহীতাদের মধ্য থেকে ৩ (তিন) জন গ্রাহককে কর্মশালায় আমন্ত্রনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| **আলোচনা ২ ঃ**<br>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর বিষয়ে আলোচনা করা হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, স্থানীয় সরকার বিভাগের নৈতিকতা কমিটি কর্তৃক গত ৩০/১২/২০২০ ইং তারিখে আওতাধীন বিভাগ/দপ্তর/সংস্থা-দের নিয়ে একটি ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। সভায় ৩১/১২/২০২০ ইং তারিখের মধ্যে কর্মপরিকল্পনা সংশোধন করতঃ স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। সময় খুবই সংক্ষিপ্ত হওয়ায় তাৎক্ষণিক মিটিং আহ্বান করা সম্ভব না হওয়ায় আহ্বায়ক মহোদয়ের সাথে আলোচনা করতঃ এবং অন্যান্য সদস্যদের মৌখিকভাবে অবহিত করে কর্মপরিকল্পনা ২০২০-২১ সংশোধনের ব্যবস্থা গ্রহণ করা হয়। এ বিষয়ে নৈতিকতা কমিটির সকল সদস্যকে সভায় অবহিত করা হয় এবং সংশোধিত কর্মপরিকল্পনাটি নীতিগত অনুমোদন দেয়া হয়। | |
| **আলোচনা ৩ ঃ**<br>প্রনীত কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ক্রমিক নং-৪ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার সেবাবক্সগুলি নিয়মিত হালনাগাদ করার ব্যবস্থা গ্রহন করতে হবে এবং ওয়েবসাইটে সময়ে সময়ে জারিকৃত অফিস আদেশগুলি দ্রুত আপলোড করতে হবে এবং আদেশ গুলো যেন তারিখ অনুযায়ী সিরিয়ালে থাকে তা নিশ্চিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঢাকা ওয়াসা ওয়েবসাইটে যে অফিসিয়াল ই-মেইল এড্রেস দেয়া আছে তা খুবই কম ব্যবহৃত হয় বিধায় কিছু অনলাইন অভিযোগ সময়মতো দৃষ্টিগোচর হয়না তাই ওয়েবসাইটের ইমেইল এড্রেস এর সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা বৃন্দের ব্যবহৃত ই-মেইল এড্রেস এর সাথে লিংক-আপ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এতে করে অভিযোগ আসার সাথে সাথে ব্যবস্থা নেওয়া সম্ভব হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **আলোচনা ৪ ঃ**<br>প্রনীত কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ক্রমিক নং- ৮ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সিটিজেন চার্টার এর বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ফোকাল পয়েন্ট জনাব ইস্রাফিল হোসেন আখন্দ, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ওয়াসা-কে সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ এর বিষয়ে আহ্বায়ক, নৈতিকতা কমিটি এর নিকট তথ্য প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>জোন/ অফিস/ শাখা/ অধিশাখা পরিদর্শনের উপর জোর দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বহু পুরাতন, অব্যাবহৃত, মৃত ব্যাক্তির নথি আলাদা করে নথি বিনষ্টকরণ কার্যক্রমের অফিস আদেশ জারির বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী/বানিজ্যিক ব্যবস্থাপক/ প্রধান রাজস্ব কর্মকর্তা/সচিব<br>ও<br>সংশ্লিষ্ট কর্মকর্তা |
| **আলোচনা ৫ ঃ**<br>প্রনীত কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ক্রমিক নং- ১১ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ঢাকা ওয়াসার কর্ম-পরিবেশ সুন্দর করার জন্য কয়েকটি ফ্লোরে স্তুপ করে রাখা অপ্রয়োজনীয় মালামাল সরিয়ে পরিষ্কার পরিচ্ছতা বৃদ্ধি ও প্রতি ফ্লোরের লিফট লবিগুলোতে ঢাকা ওয়াসার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনার নাম ও ছবি সহ সংক্ষিপ্ত বর্ণনা দিয়ে ছবি অথবা ওয়াল চিত্রন করে সাজানো যেতে পারে মর্মে সভায় মতামত প্রকাশ করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় অফিস অর্ডার জারির ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>ও<br>সচিব |

**সভাপতি কর্তৃক সমাপনী বক্তব্য**

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে বিভিন্ন ইস্যুর উপর মতামত প্রদান এবং অর্থবহ ভূমিকা রাখার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/
প্রকৌশলী উত্তম কুমার রায়,এফসিএমএ,
বানিজ্যিক ব্যবস্থাপক
ও
আহ্বায়ক, জাতীয় শুদ্ধাচার কৌশল
বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।

স্মারক নং ঃ- ৪৬.১১৩.৩০২.৬২.০০.০০.২০২১.৬৪৪/সিএম

তারিখঃ- ১৬ /০৩/২০২১ ইং

**বিতরণ ঃ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
২। উপ-ব্যবস্থাপনা পরিচালক, প্রশাসন, ঢাকা ওয়াসা।
৩। পরিচালক, উন্নয়ন/টেকনিক্যাল/অর্থ, ঢাকা ওয়াসা।
৪। প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা।
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আরপিএন্ডডি), ঢাকা ওয়াসা।
৬। জনাব এস.এম. মোস্তাফা কামাল মজুমদার, প্রধান রাজস্ব কর্মকর্তা, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।
৭। সচিব ও সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।
৮। প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা ও সদস্য , জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।
৯। জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আহ্বায়ক, ইনোভেশন টিম, ঢাকা ওয়াসা।
১০। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, এম আই এস, ঢাকা ওয়াসা।
১১। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
১২। জনাব ইস্রাফিল হোসেন আখন্দ, নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-৫ ও ফোকাল পয়েন্ট,সিটিজেন চার্টার বাস্তবায়ন কমিটি, ঢাকা ওয়াসা।
১৩। ..............................................................,সদস্য,জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।
১৫। উপ-সচিব, প্রশাসন বিভাগ-১/২, ঢাকা ওয়াসা।
১৬। জনাব মোঃ রফিকুল ইসলাম, সহকারী সচিব (শৃংখলা ও তথ্য অধিকার কর্মকর্তা), ঢাকা ওয়াসা।
১৭। অর্পিতা সাহা, সহকারী সিষ্টেম এনালিষ্ট ( এম.আই.এস এন্ড বিলিং), ঢাকা ওয়াসা, ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।
১৮। পি এ টু ব্যবস্থাপনা পরিচালক (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা ওয়াসা।
১৯। অফিস কপি।

২৬/৩/২১

**জেনি চাকমা**
নির্বাহী প্রকৌশলী
ডিডব্লিউএসএনআইপি
ও
ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল
বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।